



Seminar on Life Sciences অনুষ্ঠিত



৫ জানুয়ারি ২০২২-বৃহস্পতিবার প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে Life Sciences বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

সেমিনারে 'Mass-spectrometry based proteomics for better understanding of system biology and identification of potential and known biomarkers' বিষয়ে প্রথম লেকচার প্রদান করেন যুক্তরাষ্ট্রের ওকলাহোমা বিশ্ববিদ্যালয়ের রসায়ন ও প্রাণরসায়ন বিভাগের সহকারী অধ্যাপক (গবেষণা) ড. নাগিব আহসান এবং 'Genetic basis of cancer and its early detection' বিষয়ে দ্বিতীয় লেকচার প্রদান করেন যুক্তরাষ্ট্রের ক্ল্যাফলিন বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম কামাল চৌধুরী।

প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. লাইসা আহমদ লিসার সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার। সেমিনার আয়োজন কমিটির আহবায়ক ও সদস্য সচিব হিসেবে ছিলেন যথাক্রমে



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



উক্ত বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম এবং সহকারী অধ্যাপক ড. নাফসুন রহমান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, বিভিন্ন দপ্তরের প্রধান এবং বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।